

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপত্র (৫ম খন্ড)/২০১৯/২৭৩

তারিখঃ ০৮ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ
২৩ নভেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৮০০ তম কমিশন সভা অদ্য ২৩/১১/২০২১ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছেঃ-

০১. কমিশন অধ্যকার সভায়, AB Bank Limited এর ৬০০ (ছয়শত) কোটি টাকার Transferable, Unsecured, Non-Cumulative, Contingent-Convertible Perpetual Bond এর প্রস্তাব অনুমোদন করেছে। বন্ডটির ৫৪০ (পাঁচশত চল্লিশ) কোটি টাকা প্রাইভেট প্লেসমেন্ট এবং অবশিষ্ট ৬০ (ষাট) কোটি টাকা পাবলিক অফার এর মাধ্যমে ইস্যু করা হবে। বন্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১,০০০ (এক হাজার) টাকা। বন্ডটির কুপন হার ৬% (Floor) থেকে ১০% (Ceiling) যা আর্থিক প্রতিষ্ঠান, মিউচুয়াল ফান্ড, ইনস্যুরেন্স কোম্পানি, তালিকাত্ত্বক ব্যাংক, আঞ্চলিক রুরাল ব্যাংক, ট্রাষ্ট, সংগঠন, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান সহ অন্যান্য যোগ্য বিনিয়োগকারী এবং সাধারণ বিনিয়োগকারীদের অনুকূলে ইস্যু করা হবে।
উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে AB Bank Limited এর Additional Tier-1 মূলধনের ভিত্তি শক্তিশালী করবে। প্রাইভেট প্লেসমেন্ট ও প্রাইভেট অফার উভয় ক্ষেত্রে এই বন্ডের ন্যূনতম সাবস্ক্রিপশন ১,০০০ (এক হাজার) টাকা। উক্ত বন্ডের Trustee হিসাবে দায়িত্ব পালন করবে MTB Capital Limited, Arranger ও Issue Manager হিসাবে কাজ করছে Riverstone Capital Limited এবং Underwriter হিসাবে দায়িত্ব পালন করবে BMSL Investments Limited.
০২. কমিশন অধ্যকার সভায়, NRB Commercial Bank Limited এর ৩০০ (তিনশত) কোটি টাকার ০৭ বছর মেয়াদী Unsecured, Non-convertible, Fully Redeemable, Floating Rate, Subordinated Bond এর প্রস্তাব অনুমোদন করেছে। প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী ও উচ্চ সম্পদশালী একক বিনিয়োগকারীদের মাঝে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে বন্ডটি ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে NRB Commercial Bank Limited এর Tier-II Capital Base শক্তিশালী করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা। বন্ডটির Trustee এবং Mandated Lead Arranger হিসাবে যথাক্রমে UCB Investment Limited এবং City Bank Capital Resources Limited (CBCRL) কাজ করছে। এছাড়াও উক্ত বন্ডটিকে Alternative Trading Board এ অন্তর্ভুক্ত করার জন্য শর্তারোপ করা হয়।
০৩. কমিশন অধ্যকার সভায়, মহামান্য সুপ্রীম কোর্টের হাই কোর্ট ডিভিশনের নির্দেশনা মোতাবেক বিগত ২২.১১.২০২১ তারিখে আদালত কর্তৃক পিপলস্ লিজিং ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড (PLFSL) এর নব গঠিত পরিচালনা পর্ষদের সাথে আলোচনা হয়। আলোচনা মোতাবেক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ
 - (ক) কমিশন কর্তৃক Special Auditors নিয়োগের মাধ্যমে PLFSL এর বিগত ২০১৩ ইং হতে ২০২১ ইং তারিখের সমাপ্ত বছরের (নিরীক্ষিত/অনিরীক্ষিত) আর্থিক বিবরণী ও অন্যান্য কার্যক্রমের উপর বিশেষ নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করবে; এবং
 - (খ) আদালতের নির্দেশনা মোতাবেক এবং PLFSL-এর বর্তমান পরিচালনা পর্ষদের সাথে আলোচনাপূর্বক Financial Restructuring এর বিভিন্ন দিক (option) বিবেচনাপূর্বক কোম্পানির কার্যক্রম চালুকরণে কমিশন কর্তৃক সর্বাঙ্গিক সহযোগিতা প্রদানেরও সিদ্ধান্ত গৃহীত হয়।

Muhammad
23-11-2021
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র